বই পরিচিতি

বইয়ের নাম : কমপিউটারে লোটাস ১-২-৩।
লেখক : কে, এম, শাহিনুর ইসলাম (তপন) ও ফেরদৌস আহমেদ হোসাইন।
প্রকাশক : মোঃ জাকির হোসেন খোকন।
প্রকাশকাল : নভেম্বর ১৯৯১ ইং
মূল্য : একশত দশ টাকা।

বাংলা ভাষায় কমপিউটারের উপর বইয়ের সংখ্যা নিতান্তই কম। মাতৃভাষায় বিজ্ঞান চর্চার ব্যাপারে অনেক পণ্ডিত ব্যক্তিরই অনিহা আছে আমাদের দেশে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে বাংলা ভাষার পুরোপুরি প্রচলন আদৌ সম্ভব কিনা সেটা বিতর্কিত ব্যাপার হলেও সাধারণ মানুষের প্রয়োজনীয় বইগুলো যে অবশ্যই বাংলায় হওয়া উচিত, সে ব্যাপারে কোনও দ্বিমত নেই। কমপিউটার এখন আর কোনও স্বপ্নের জিনিস নয়। এটা বর্তমানে সাধারণ মানুষের ধরা ছোয়ার মধ্যে। তাই কমপিউটারের নিত্য প্রয়োজনীয় বইগুলো অবশ্যই হওয়া উচিত বাংলা ভাষায়।

বাংলা ভাষায় বই লিখা বেশ কষ্টসাধ্য ব্যাপার। প্রথমতঃ যথাযথ প্রতিশব্দ তৈরী করা। এ ছাড়া আরো একটি বড় সমস্যা, যা হলো— পাঠক সংখ্যা কম। যে কারণে বইয়ের বিক্রি স্বল্পতার কারণে বইয়ের মূল্য বেশী রাখতে হয় প্রকাশককে। হয়তো এর চেয়ে কম মূল্যে বাজারে ইংরেজি কোনও বই পাওয়া যাবে। কিন্তু তারপরেও এই বইয়ের লেখকদ্বয় যে অসাধ্য সাধন করেছেন তা প্রশংসার দাবীদার।

মজার ব্যাপার হলো, দু জন লেখকই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। শাহিনুর ইসলাম ব্যবস্থাপনায় মাস্টার্স ও ফেরদৌস এ, হোসাইন ফিনান্সে বি, কম অনার্স। তারা দু জনই ষ্টারট্রেক কমপিউটারর্স-এ নিয়মিত ক্লাস নিয়ে থাকেন। বইটি পড়ে বুঝা যায়- তারা তাদের দীর্ঘ অভিজ্ঞতার ছাপ রাখতে পেরেছেন।

লোটাসের উপর এই বইটিকে মোটামুটি পূর্ণাঙ্গ বই বলা যায়। বইটির সবচে বড় যে বৈশিষ্ট্য তা হলো- অতি প্রাথমিক স্তরের শিক্ষার্থী থেকে শুরু করে অভিজ্ঞরাও উপকৃত হবেন। যারা লোটাস একদম নতুন শিখতে যাচ্ছেন— তাদের জন্যে বইটি খুবই উপোযোগী। বইটিতে পর্যাপ্ত উদাহরণ ব্যবহার করা হয়েছে। এতে করে শিক্ষার্থীদের প্র্যাকটিসের সুযোগ করে দেয়া হয়েছে। তাই শুধুমাত্র এই বইটি পড়ে ও ব্যবহার করে একজন অনায়াসেই লোটাস শিখে ফেলতে পারবেন।

বইটির কিছু কিছু বিষয় আলোচনা করলে প্রথমেই বলতে হয়- কন্ট্রোল কমাণ্ড সম্পর্কে বিশদ ব্যাখ্যা রয়েছে এতে। একজন প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীর জন্যে যতটুকু দরকার ঠিক ততটুকু আলোচনা করা হয়েছে প্রতিটি কমাণ্ড সম্পর্কে। এ ছাড়া @Function-কে সহজ ও সাবলিলভাবে ব্যাখ্যা করা হয়েছে। ওয়ার্কশীট, লেখচিত্র ইত্যাদি ছাপানোর ব্যাপারেও উদাহরণসহ যথেষ্টই আলোচনা করা হয়েছে। ডাটা ম্যানেজমেন্টের উপরও আলোকপাত করার চেষ্টা করেছেন লেখকদ্বয়। আর ম্যাক্রো (Macro)-এর উপরও কিছু আলোচনা ও ব্যবহার দেখানো হয়েছে যেটা কেবলমাত্র এই বইটিরই বৈশিষ্ট্য। বইটির শেষে পাওয়া যাবে বিশাল একটি মেনু চার্ট। এই চার্টটা লোটাস শিক্ষার্থীদের খুবই কাজে লাগবে। মোট কথা- লোটাস শিক্ষার্থীদের জন্যে বাংলায় এর মতো বই আগে বাজারে আসেনি।

বইটির আরো একটি দিক হলো- প্রথম দিকে কমপিউটারের উপর মোটামুটি ধারণা দেবার চেষ্টা করা হয়েছে। কমপিউটারের ইতিহাস ক্রমবিকাশ, প্রকারভেদ, হার্ডওয়ার, সফটওয়ার, অপারেটিং সিস্টেম, কমপিউটার আর্কিটেকচার ইত্যাদির উপর আলোকপাত করা হয়েছে বইটির প্রথম পর্বে। বইটিতে আসকি কোড-এর একটি টেবিলও দেয়া হয়েছে। এছাড়াও যোগ করা হয়েছে- ডস-এর কিছু অতি প্রয়োজনীয় কমাণ্ড, যেগুলো নতুন শিক্ষার্থীদের খুব কাজে দেবে। অনেক সময় ডস-এর নিত্য প্রয়োজনীয় কমাণ্ডগুলোর সিনটেক্স মনে থাকে না। সেক্ষেত্রে হাতের কাছে এই বইটি বেশ সহযোগী হবে।

বইটির ২য় পর্বে আছে লোটাস। এই পর্বের উপস্থাপনা ও ভাষা বেশ সহজবোধ্য ও সাবলিল। কিন্তু সে তুলনায় প্রথম পর্বে কমপিউটার পরিচিতির ভাষা একটু জটিল। এটা অবশ্য প্রতিশব্দ প্রয়োগের জন্যে হয়েছে। তবুও বইটির পেছনে লেখকদ্বয় বেশ পরিশ্রম করেছেন বলে মনে হয়।

বইটির প্রচ্ছদ আকর্ষণীয় এবং ভেতরের অঙ্গ সজ্জাও পরিচ্ছন্ন।

বইটিতে একটি অনিচ্ছাকৃত ত্রুটি রয়েছে। বইটির একস্থানে লোটাস ইনস্টলমেন্টের কথা বলা হয়েছে। সেক্ষেত্রে লোটাস প্যাকেজটি ডিস্কেটে কপি করে নেবার কথা উল্লেখ করা হয়েছে। লেখকদ্বয় হয়তো খেয়াল করেননি যে- পৃথিবীতে সফটওয়্যারের কপিরাইট সিস্টেম চালু আছে। সফটওয়্যার আসলে প্রতিষ্ঠান থেকে কিনতে হয়। বাংলাদেশে এখনও এটা পালন করা হয় না। সেদিক থেকে ব্যাপারটি ঠিকই আছে। কিন্তু লিখিতভাবে এটাকে বৈধ করা যায় না। সফটওয়্যার যে কিনতে হয়, এ ধারণাটি মানুষের মাঝে তৈরী করার সময় এসেছে। লেখকদ্বয় উক্ত স্থানে লোটাস প্যাকেজটি কেনার ব্যাপারে যদি কিছুটা উল্লেখ করতেন তবে এটা পাঠক সমাজে বেশ প্রভাব ফেলতো।

তবুও বলা যায়- লোটাসের বই হিসেবে এটি ভালো বই। আমরা এর সাফল্য কামনা করছি।

এবারের একুশের বই মেলায় (বাংলা একাডেমী) এই বইটি দিনরাত্রির স্টলে পাওয়া যাবে।

— জাকারিয়া স্বপন

সময়ের আগে চলুন

জীবনে প্রতিষ্ঠা ও সাফল্য অর্জনের লক্ষ্যে কমপিউটারলাইনের সহায়তা গ্রহণ করুন।

আমাদের কমপিউটার কোর্সসমূহের বৈশিষ্ট্য ঃ-

- শিক্ষার্থীর কোর্স নির্বাচনে পরামর্শ দান।
- সকল কোর্সেই IPCS এবং DOS অন্তর্ভূক্ত।
- ক্লাশের সময় ছাড়াও অতিরিক্ত অনুশীলনের সুযোগ।
- প্রয়োজনীয় নোট বিনামূল্যে সরবরাহ।
- শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে সর্বনিম্ন ফি-তে সর্বোচ্চ সুযোগ প্রদান।

কমপিউটারলাইন

১৪৬/১, আজিমপুর রোড (চায়না বিল্ডিং-এর গলি)

ঢাকা - ১২০৫, ফোন ঃ ৫০৬৪৮৫

* বেসিক * সি * ওয়ার্ডষ্টার * লোটাস ১-২-৩ * ডিবেজ III * শহীদ লিপি